13

দৈনিক সংবাদ

তারিখ 24 APR 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# এসএসসি পরীক্ষা ॥ প্রবেশপত্র না পেয়ে ছাত্ররা প্রধান শিক্ষকের বাড়িতে আগুন দিয়েছে

ভোলা, ২৩শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।– এ বছর এসএসসি পরীক্ষায় (যশোর বোর্ড) প্রবেশপত্র না পাওয়া বোরহানউদ্দিন থানার কুলসুমবাগ উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীরা স্কুলের প্রধান শিক্ষক মাঃ মোঃ ইউনুসের বসত ঘরে গত ১৭ই এপ্রিল আগুন ধরিয়ে দেয় এবং স্কুলের অফিস কক্ষের আসবাবপত্র ভাঙচুর করে। অগ্নিসংযোগের পর স্থানীয় লোকজন আগুন নিভিয়ে ফেলতে সমর্থ হয়।

স্কুল কর্তৃপক্ষ স্কুলের ৪৮ জন ছাত্রছাত্রীর পরীক্ষার প্রবেশপত্র না আসার অপরাধে প্রধান শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করেছেন।

উল্লেখ্য, ভোলা জেলার বিভিন্ন স্কুলে ৩৮৫ জন ছাত্রছাত্রী এ বছর যথাসময়ে পরীক্ষার ফরম পূরণ করা সত্ত্বেও পরীক্ষার প্রবেশপত্র পায়নি।

জানা যায়, এসব পরীক্ষার্থী ছাত্রছাত্রীর মধ্যে কিছুসংখ্যক ভুয়া রেজিস্ট্রেশন ও কিছুসংখ্যক বোর্ডের বিনানুমতিতে স্কুল পরিবর্তন করে ফরম ফিলাপ করার অপরাধে প্রবেশপত্র থেকে বঞ্চিত হয়েছে। তবে কিছু সঠিক ছাত্রছাত্রীও বাদ পড়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

## কেশবপুরে ২৯০ জন পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি

কেশবপুর, ২৩শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।– চলতি এসএসসি পরীক্ষায় কেশবপুর কেন্দ্রের ২শ' ৯০ জন পরীক্ষার্থী তাদের প্রবেশপত্র পায়নি। কেন্দ্র নিয়ন্ত্রক জানান, বোর্ড কর্তৃক ভুয়া রেজিস্ট্রেশন যাচাইয়ে এসব পরীক্ষার্থী বাদ পড়েছে।